

মহান বিজয় দিবস ২০২৪



জেলা প্রশাসন, কুষ্টিয়া



সুধী

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস জাতীয় জীবনে এক গৌরবময় দিন। মহান বিজয় দিবসের এই দিনে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি বীর মুক্তিযোদ্ধাগণ ও সশ্রম হারানো মা-বোনদেরকে, যাদের সংগ্রাম ও আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে লাল-সবুজের পতাকা। মহান বিজয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জেলা প্রশাসন, কুষ্টিয়া কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

বিজয়োৎসবের সকল কর্মসূচিতে আপনার সবান্ধব উপস্থিতি কামনা করছি।

মো: তৌফিকুর রহমান
জেলা প্রশাসক
কুষ্টিয়া।

অনুষ্ঠানমালা

সময়	কর্মসূচি	স্থান
	১৪ ডিসেম্বর ২০২৪ শনিবার (শহিদ মুক্তিযোদ্ধা দিবস)	
সকাল ১১:০০ টা	আলোচনা সভা	কুষ্টিয়া জিলা স্কুল
সুবিধাজনক সময়ে	সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা	ধর্মীয় উপাসনালয়সমূহ
	১৬ ডিসেম্বর ২০২৪ সোমবার (মহান বিজয় দিবস)	
সূর্যোদয়ের সাথে সাথে	৩১ (একত্রিশ) বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির শুভ সূচনা	কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভ প্রাঙ্গণ, কুষ্টিয়া কালেক্টরেট চত্বর
সূর্যোদয়ের সাথে সাথে	স্কুল, কলেজ, মাদ্রাসাসহ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন	সংশ্লিষ্ট ভবনসমূহ
সকাল ০৬:৩৯ টা	শহিদ মুক্তিযোদ্ধাবৃন্দের প্রতি সম্মান প্রদর্শনপূর্বক কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ	কেন্দ্রীয় স্মৃতিস্তম্ভ, কুষ্টিয়া কালেক্টরেট চত্বর
সকাল ০৮:০০ টা	আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন	কুষ্টিয়া কালেক্টরেট চত্বর
সকাল ০৮:০০ টা	দূর্বাচারায় শহিদ মুক্তিযোদ্ধাবৃন্দের কবরে পুষ্পস্তবক অর্পণ	দূর্বাচারা শহিদ মুক্তিযোদ্ধাবৃন্দের কবরস্থান
সকাল ০৯:০০ টা	বিত্তিপাড়া বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ	বিত্তিপাড়া বধ্যভূমি
সকাল ১০:০০ টা	পিয়ারণুর শহিদ মুক্তিযোদ্ধাবৃন্দের কবরে পুষ্পস্তবক অর্পণ	শহিদদের কবর সংলগ্ন স্মৃতিস্তম্ভ, পিয়ারণুর
সকাল ১০:৩০ টা	আড়পাড়া, রাধানগর গ্রামে শহিদ মুক্তিযোদ্ধাবৃন্দের কবরে পুষ্পস্তবক অর্পণ	শহিদ মুক্তিযোদ্ধাবৃন্দের কবরস্থান, আড়পাড়া, রাধানগর

সময়	কর্মসূচি	স্থান
সকাল ১১:০০ টা	কুষ্টিয়া সদর উপজেলার বীর মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠান ও আলোচনা সভা	শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া
সুবিধাজনক সময়ে	শহিদ মুক্তিযোদ্ধাবৃন্দের বিদেহী আত্মার মাগফিরাত, মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাবৃন্দের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা	ধর্মীয় উপাসনালয়সমূহ
দুপুরে	হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, শিশু পরিবার (বালক/বালিকা), সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, সমন্বিত শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (বালক/বালিকা) ও সমন্বিত দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষা কার্যালয়ে উন্নতমানের খাবার পরিবেশন	স্ব স্ব প্রতিষ্ঠান
সন্ধ্যা ০৫:৩০ টা	মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন	কুষ্টিয়া কালেক্টরেট চত্বর এবং শহরের গুরুত্বপূর্ণ স্থানসমূহ
সন্ধ্যা ০৬:০০ টা	সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ	কুষ্টিয়া কালেক্টরেট চত্বর
সুবিধাজনক সময়ে	শিশুদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা	শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া
দিনব্যাপী	আড়ম্বরপূর্ণ বিজয়মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের)	কেন্দ্রীয় শহিদ মিনার চত্বর, কুষ্টিয়া